


চবি এলাকায় ১৪৪ ধারা বাড়লো আরো ২৪ ঘণ্টা

রেফায়েত উল্যাহ রুপক, চবি

প্রকাশিত: ২১:৩৪, ১ সেপ্টেম্বর ২০২৫



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ২ নম্বর গেট বাজারের পূর্ব সীমা থেকে পূর্বদিকে রেলগেট পর্যন্ত সড়কের উভয় পাশের এলাকায় জারি করা ১৪৪ ধারা আরও ২৪ ঘণ্টা বাড়ানো হয়েছে।

সোমবার (১ সেপ্টেম্বর) হাটহাজারী উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ আবদুল্লাহ আল মামুন স্বাক্ষরিত এক আদেশে বিষয়টি জানানো হয়।

এতে বলা হয়, জনশৃঙ্খলা রক্ষা, জ্ঞানমালের নিরাপত্তা ও শান্তিশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের স্বার্থে ১৪৪ ধারা জারির মেয়াদ ২ সেপ্টেম্বর (মঙ্গলবার) দিবাগত রাত ১২টা পর্যন্ত বাড়ানো হয়েছে। ১৪৪ ধারা চলাকালে ওই এলাকায় সকল ধরনের সভা-সমাবেশ, মিছিল, মাইক ব্যবহার, গণজমায়েত, অস্ত্র বহন এবং পাঁচজনের বেশি লোক একত্রে অবস্থান করা সম্পূর্ণ নিষিদ্ধ।